# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৫৪

পর্ব-৯: দু‘আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

## আরবী

وَعَن سهل بن سَعْدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: كَانَ يَجْعَل أصبعيه حذاء مَنْكِبَيْه وَيَدْعُو

## বাংলা

২২৫৪-[৩২] সাহল ইবনু সা’দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাতের আঙ্গুল কাঁধ সমান উঠিয়ে দু’আ করতেন।[1]

## ফুটনোট

[1] হাসান : আদ্ দা‘ওয়াতুল কাবীর ৩১১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (حِذَاءَ مَنْكِبَيْه) ‘আল্লামা মুল্লা ‘আলী কারী হানাফী (রহঃ) বলেন, অত্র হাদীসটি প্রমাণ করেছে যে, দু‘আর সময় হাত উত্তোলনের ক্ষেত্রে মধ্যম পন্থা অবলম্বন করা প্রয়োজন। এটাই রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বেশির ভাগ ‘আমল ছিল আর পূর্বেকার হাদীসগুলোতে যে, আরো বেশি পরিমাণে হাত উঠানোর কথা বলা হয়েছে তা হলো খুবই জরুরী মুহূর্তের দু‘আর সময়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56814

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন